# স্বপ্রণোদিত তথ্য প্রকাশ

# নির্দেশিকা ২০১৯

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ- এর স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯

**উপদেষ্টা পরিষদঃ**

জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

নাসরীন আক্তার চৌধুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সম্পাদনা পর্ষদঃ**

| | |
|---|---|
| জনাব মোঃ আফজাল হোসেন<br>অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) এবং (পরিকল্পনা ও উন্নয়ন)<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| জনাব খালিদ পারভেজ খান<br>যুগ্ম সচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী<br>সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| জনাব মোঃ মিজবাহ্ উদ্দিন মোল্লা<br>সিনিয়র সহকারী সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| জনাব মোঃ মিজানুর রহমান<br>উপসচিব (প্রশাসন-১), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য-সচিব |

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০১৯

**প্রকাশনায় ও মুদ্রণ**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.rdcd.gov.bd

**প্রচ্ছদ**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। জনগণের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার অধিকার প্রতিষ্ঠা, জনগণের ক্ষমতায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, দুর্নীতি হ্রাস সর্বোপরি সুশাসন প্রতিষ্ঠার জন্য তথ্য অধিকার আইন,২০০৯ প্রণয়ন করা হয়েছে। এছাড়া রুপকল্প-২০২১ অনুযায়ী দ্রারিদ্র্যের হার নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় কমিয়ে আনার বিষয় উল্লেখ রয়েছে।

পল্লী ও শহরাঞ্চলে সমবায় কার্যক্রম জোরদারকরণ, ঋণ বিতরণ ও পল্লীর জনগণের সঞ্চয়বৃদ্ধির মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও জীবনযাত্রার মান উন্নয়ন এ বিভাগের অন্যতম দায়িত্ব। জনগণের খুব কাছে অবস্থান করে বিভিন্ন অধিভুক্ত সংস্থার মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ দরিদ্র জনগণের ভাগ্য উন্নয়নে একনিষ্ঠভাবে বিভিন্ন কর্মসূচী ও প্রকল্প বাস্তবায়নে প্রতিজ্ঞাবদ্ধ।

অবাধ তথ্য প্রবাহের মাধ্যমে বাংলাদেশের সার্বিক উন্নয়ন কার্যক্রম আজ বিশ্ববাসীর কাছে এক রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। পল্লী ও শহরাঞ্চলের জনগণের ভাগ্যোন্নয়নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ, মিল্কভিটা, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন ও আমার বাড়ি আমার খামার প্রকল্প কাজ করে যাচ্ছে। এসকল প্রতিষ্ঠান আত্মকর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ প্রদান, দারিদ্র হ্রাসে স্বচ্ছতা ও জবাবদিহিতার ভিত্তিতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এসকল কার্যক্রম সম্পর্কে জনগণের বিভিন্ন তথ্য জানার অধিকার রয়েছে যা স্ব প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার মাধ্যমে নিশ্চিত করা সম্ভব হবে।

আশা করা যায়, এর মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তথ্যে নাগরিকদের প্রবেশাধিকার নিশ্চিত হবে যা এ বিভাগ ও অধিভুক্ত দপ্তর/ সংস্থার কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বিশেষ ভূমিকা রাখবে। এভাবে জনগণের তথ্য অধিকার নিশ্চিত করার মাধ্যমে গণতন্ত্র সুদৃঢ় ভিত্তি পাবে এবং পর্যায়ক্রমে দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।

মোঃ কামাল উদ্দিন তালুকদার
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| ১. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি এবং প্রয়োজনীয়তা | ১ |
| ১.১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পটভূমি | ১ |
| ১. ২ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য | ২ |
| ১.৩ নির্দেশিকার শিরোনাম | ২ |
| ২. নির্দেশিকার ভিত্তি | ২ |
| ৩. সংজ্ঞাসমূহ | ৩ |
| ৪. তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি | ৩ |
| ৫. তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা | ৫ |
| ৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ৫ |
| ৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ৬ |
| ৮. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ৭ |
| ৯. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ৭ |
| ১০. তথ্যের জন্য আবেদন, তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা | ৭ |
| ১১. তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধ | ৯ |
| ১২. আপিল দায়ের ও নিষ্পত্তি | ৯ |
| ১৩. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান | ১০ |
| ১৪. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি | ১০ |
| ১৫. নির্দেশিকার সংশোধন | ১০ |
| ১৬. নির্দেশিকার ব্যখ্যা | ১০ |
| পরিশিষ্ট-১ : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ১১ |
| পরিশিষ্ট-২ : বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ১১ |
| পরিশিষ্ট-৩ : আপিল কর্তৃপক্ষের বিবরণ | ১১ |
| পরিশিষ্ট-৪ : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ১১ |
| পরিশিষ্ট-৫ : চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা | ১২ |
| পরিশিষ্ট-৬ : প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা | ১৩ |
| পরিশিষ্ট-৭ : তথ্য প্রাপ্তির আবেদন ফরম (ফরম ‘ক’) | ১৪ |

| বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| পরিশিষ্ট-৮ : তথ্য সরবরাহে অপারগতার নোটিশ (ফরম ‘খ’) | ১৫ |
| পরিশিষ্ট-৯ : আপীল আবেদন ফরম (ফরম ‘গ’) | ১৬ |
| পরিশিষ্ট-১০ : তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি (ফরম ‘ঘ’) | ১৭ |
| পরিশিষ্ট-১১ : তথ্য কমিশনে অভিযোগ দায়েরের নির্ধারণ ফরম (ফরম ‘ক’) | ১৮ |

## ১. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি এবং প্রয়োজনীয়তা

### ১.১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পটভূমি

পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহতভাবে পল্লী অঞ্চল সম্পর্কিত গবেষণা পরিচালনার উদ্দেশ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে। স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এ দুটি বিভাগ নিয়ে স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় গঠিত। একজন প্রতিমন্ত্রীর তত্ত্বাবধানে এ বিভাগের দায়িত্বে রয়েছেন একজন সচিব। এবিভাগের আওতায় রয়েছে সমবায় অধিদপ্তর ও ৯টি সংস্থা। এগুলো হল বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি); বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা; পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া; বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ; পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ); ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ); বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা); বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) এবং বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন (বিএনএফআরডি)। সমবায় অধিদপ্তর এবং বিআরডিবি'র রয়েছে প্রত্যেক উপজেলা পর্যন্ত সাংগঠনিক কাঠামো। বিআরডিবি মূলত সমবায় এবং অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করে থাকে। সমবায় অধিদপ্তর সমবায় সংগঠনের মাধ্যমে সমন্বিত পুঁজি সৃষ্টি এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনায় সহযোগিতা করে। বার্ড, আরডিএ ও বাপার্ড পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা, প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন কৌশল উদ্ভাবন করে থাকে এবং সরকারি/বেসরকারি কর্মকর্তা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ এবং উপকারভোগীদের প্রশিক্ষণ দিয়ে থাকে।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের দায়িত্বাবলি:**

- দেশে পল্লী উন্নয়ন বিষয়ক ভাবনাকে ধারণ করে পল্লী উন্নয়ন বিষয়ক নির্দেশিকা প্রণয়ন ও তার বাস্তবায়ন;
- পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মসূচির মধ্যে সমন্বয় সাধন এবং চাহিদার নিরিখে কর্মকৌশল প্রণয়ন;
- পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন এবং সমন্বয় সাধন;
- পল্লী উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নে নতুন নতুন মডেল উদ্ভাবন;
- সমবায় প্রশাসনকে সুসংগঠিত করে সমবায় আন্দোলনকে বেগবান করা ;
- বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
- সমবায় ও পল্লী উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনের সাথে যোগাযোগ স্থাপন ইত্যাদি ।

## ১. ২ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনগণের তথ্য জানার অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি ও বেসরকারি সংগঠনের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা; জনগণের চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে তথ্য-অধিকার নিশ্চিত করতে গত ২৯ মার্চ ২০০৯ তারিখে 'তথ্য অধিকার আইন, ২০০৯' পাস করে। আইনের কার্যকর বাস্তবায়নের জন্য ইতিমধ্যে 'তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯' এবং তথ্য অধিকার সংক্রান্ত তিনটি প্রবিধানমালাও প্রণীত হয়েছে।

তথ্য অধিকার গণতান্ত্রিক ব্যবস্থাকে আরো সুসংহত করার অন্যতম শর্ত। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি হবে এবং এ বিভাগের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি সম্পর্কে জনগণের সন্দেহ ও অবিশ্বাস দূর হবে। এতে প্রতিষ্ঠানের স্বচ্ছতা এবং জনগণের কাছে সকল কাজের জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে।

জনগণের জন্য অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সঙ্গে সংগতিপূর্ণভাবে সরকারের গুরুত্বপূর্ণ বিভাগ হিসেবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ অবাধ তথ্যপ্রবাহের চর্চা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

এবিভাগ এবং অধীনস্ত অন্যান্য ইউনিটে অবাধ তথ্যপ্রবাহ ও চর্চার ক্ষেত্রে যেন কোনো দ্বিধাদ্বন্দ্বের সৃষ্টি না হয়, সেজন্য একটি 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা,২০১৯' প্রণয়ন আবশ্যক বলে মনে করছে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সুতরাং তথ্য অধিকার আইন, ২০০৯, তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ ও তথ্য অধিকার সংক্রান্ত প্রবিধানমালাসমূহের আলোকে এই 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯' প্রণয়ন করা হয়েছে।

## ১.৩ নির্দেশিকার শিরোনাম

এ নির্দেশিকা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের 'স্ব প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯' নামে অভিহিত হবে।

## ২. নির্দেশিকার ভিত্তি

২.১. প্রণয়নকারী কর্তৃপক্ষ : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২.২. অনুমোদনকারী কর্তৃপক্ষ : সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২.৩. অনুমোদনের তারিখ : ১০ অক্টোবর, ২০১৯।

২.৪. নির্দেশিকা কার্যকরের তারিখ : ১০ অক্টোবর, ২০১৯ (অনুমোদনের তারিখ থেকে)

২.৫. নীতিমালার প্রযোজ্যতা : নির্দেশিকাটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/ সংস্থার জন্য

**৩. সংজ্ঞাসমূহঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়**

৩.১ তথ্য : 'তথ্য' অর্থ তথ্য অধিকার আইন ২০০৯- এর ধারা ২(চ)-তে উল্লিখিত তথ্যাদি বুঝাবে।

৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা : ''দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'' অর্থ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০ এর অধীন নিযুক্ত কর্মকর্তা;

৩.৩ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট দায়িত্ব পালনের জন্য নিযুক্ত কর্মকর্তা;

৩.৪ ''তথ্য প্রদান ইউনিট'' অর্থ সমবায় অধিদপ্তর; বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি); বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা; পল্লী উন্নয়ন একাডেমী, আরডিএ, বগুড়া; বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ; পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ); ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ); বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা); বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) এবং বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন (বিএনএফআরডি) এর প্রধান কার্যালয় এবং এর অধীনস্থ কোনো বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সমূহ।

৩.৫ ''আপীল কর্তৃপক্ষ'': তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২(ক)- অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব/সচিব।

৩.৬ ''তৃতীয় পক্ষ'' অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোন পক্ষ।

৩.৭ ''তথ্য কমিশন'' অর্থ তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

৩.৮ ''তঅআ, ২০০৯'' বলতে ''তথ্য অধিকার আইন, ২০০৯'' বুঝাবে।

৩.৯ ''তঅবি, ২০০৯'' বলতে ''তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯'' বুঝাবে।

৩.১০ ''কর্মকর্তা'' অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

৩.১১ ''তথ্য অধিকার'' অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য প্রাপ্তির অধিকার।

৩.১২ ''আবেদন ফরম'' অর্থ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট- ফরম 'ক' বুঝাবে।

৩.১৩ ''আপীল ফরম'' অর্থ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরমেট- ফরম 'গ' বুঝাবে।

৩.১৪ পরিশিষ্ট'' অর্থ এই নির্দেশিকারর সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট।

**৪. তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন ও আধীনস্থ ইউনিটসমূহের সমুদয় তথ্য নিম্নবর্ণিত তিনটি শ্রেণিতে ভাগ করা হবে এবং নির্ধারিত বিধান অনুসারে তা প্রকাশ ও প্রদান করা হবে।

ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য

খ. চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য

গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য

## ৪.১ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য

৪.১.১ এ ধরনের তথ্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ স্বপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ড, সাইন বোর্ড, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

৪.১.২ এ ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

৪.১.৩ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রতি বছর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে। বার্ষিক প্রতিবেদনে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৬(৩)- এ উল্লিখিত তথ্যসমূহ সংযোজন করবে।

৪.১.৪ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

৪.১.৫ প্রতি তিন মাস অন্তর কিংবা প্রয়োজনের নিরিখে এই তালিকা হালনাগাদ করা হবে।

## ৪.২. চাহিদার ভিত্তিতে প্রকাশযোগ্য তথ্য

৪.২.১ এই ধরনের তথ্য কোন নাগরিকের আবেদনের প্রেক্ষিতে এই নির্দেশিকার ১০ ও ১১ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদান করতে হবে।

৪.২.২ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচার করবে।

## ৪.৩. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য

এই নির্দেশিকার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন ও অধীনস্থ ইউনিটসমূহ নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান বা প্রকাশ বা প্রচার করতে বাধ্য থাকবে না :

(ক) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য;

(খ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার সামিল এরূপ তথ্য;

(গ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

(ঘ) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(ঙ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে, এরূপ তথ্য;

(চ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ছ) নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

## ৫. তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনাঃ

৫.১ তথ্য সংরক্ষণঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ তথ্য সংরক্ষণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবেঃ

(১) নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করার লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর যাবতীয় তথ্যের ক্যাটালগ এবং ইনডেক্স প্রস্তুত করে যথাযথভাবে সংরক্ষণ করবে।

(২) প্রত্যেক কর্তৃপক্ষ যে-সকল তথ্য কম্পিউটারে সংরক্ষণের উপযুক্ত বলে মনে করবে সে-সকল তথ্য যুক্তিসংগত সময়সীমার মধ্যে কম্পিউটারে সংরক্ষণ করবে এবং তথ্য লাভের সুবিধার্থে সমগ্র দেশে নেটওয়ার্কের মাধ্যমে তার সংযোগ স্থাপন করবে।

(৩) তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করবে।

৫.২ তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনাঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনার জন্য তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করবে।

৫.৩ তথ্যের ভাষাঃ

৫.৩.১ তথ্যের মূল ভাষা হবে বাংলা। তথ্য যদি অন্য কোন ভাষায় উৎপন্ন হয়ে থাকে তাহলে সেটি সেই ভাষায় সংরক্ষিত হবে। দাপ্তরিক প্রয়োজেন তথ্য অনুবাদ করা হতে পারে।

৫.৩.২ তথ্য যে ভাষায় সংরক্ষিত থাকবে সেই ভাষাতেই আবেদনকারীকে সরবরাহ করা হবে। আবেদনকারীর চাহিদার প্রেক্ষিতে কোন তথ্য অনুবাদ করার দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না।

৫.৪ তথ্যের হালনাগাদকরণঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ প্রতিমাসে তথ্য হালনাগাদ করবে।

## ৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ

৬.১ তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ১০(১) অনুসারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর অধীনস্থ প্রত্যেক তথ্য প্রদান ইউনিটে একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবে।

৬.২ পরবর্তীতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর অধীনে কোন কার্যালয়/ইউনিট প্রতিষ্ঠিত হলে তথ্য অধিকার আইন ২০০৯-এর ধারা ১০(৩) অনুসারে উক্তরূপ ইউনিট/ইউনিটসমূহে প্রতিষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৬.৩ প্রতিটি ইউনিটের প্রশাসনিক প্রধান, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেবেন এবং নিয়োগকৃত প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমেট) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন এবং মন্ত্রণালয় ও উক্ত ইউনিটের আপিল কর্তৃপক্ষের কাছে অনুলিপি প্রেরণ করবেন।

৬.৪ তথ্য অধিকার আইন ২০০৯-এর অধীন দায়িত্ব পালনের প্রয়োজনে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য যে কোন কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোন কর্মকর্তার কাছ থেকে এরূপ সহায়তা চাওয়া হলে তিনি উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে বাধ্য থাকবেন।

৬.৫ কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালনের প্রয়োজনে অন্য কোন কর্মকর্তার সহায়তা চাইলে এবং এরূপ সহায়তা প্রদানে ব্যর্থতার জন্য তথ্য অধিকার আইন ২০০৯-এর কোন বিধান লংঘিত হলে এই আইনের অধীন দায়-দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে উক্ত অন্য কর্মকর্তাও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলে গণ্য হবেন।

৬.৬ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা তার কার্যালয়ের প্রকাশ্য স্থানে সহজে দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

৬.৭ তথ্য অবমুক্তকরণ নীতিমালার পরিশিষ্টে এই নীতিমালা প্রযোজ্য এমন সকল ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ তালিকা প্রকাশ করা হবে। কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের ৫ দিনের মধ্যে তালিকা হালনাগাদ করা হবে। তালিকা কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

## ৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি

৭.১ তথ্যের জন্য কারো আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা :

- অ) আবেদন গ্রহণ ও তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ বিধি-৩ অনুসারে আবেদনপত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করবেন;
- আ) অনুরোধকৃত তথ্য তথ্য অধিকার আইন ২০০৯, ধারা-৯ ও তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ বিধি-৪ অনুসারে যথাযথভাবে সরবরাহ করবেন;
- ই) তথ্য প্রদানে অপারগতার ক্ষেত্রে তথ্য অধিকার আইন ২০০৯, ধারা-৯(৩) ও তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ বিধি-৫ অনুসারে যথাযথভাবে অপারগতা প্রকাশ করবেন। অপারগতার কারণ তথ্য অধিকার আইন ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- ঈ) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি তথ্য অধিকার আইন, ২০০৯, ধারা-৯(৬)(৭) ও তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৮ অনুসারে উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন;
- উ) কোন অনুরোধকৃত তথ্যের সাথে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন, ২০০৯, ধারা-৯(৮) অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন;

৭.২ তথ্য অধিকার আইন, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট/ফরম 'ক' সংরক্ষণ ও কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ;

৭.৩ আবেদন ফরম পূরণে সক্ষম নয়, এমন আবেদনকারীকে আবেদন ফরম পূরণে সহায়তা;

৭.৪ কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে তাকে আপিল কর্তৃপক্ষ নির্ধারণে সহায়তা;

৭.৫ সঠিক কর্তৃপক্ষ নির্ধারণে ভুল করেছে, এমন আবেদনকারীকে সঠিক কর্তৃপক্ষ নির্ধারণে সহায়তা;

৭.৬ কোন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাকে উপযুক্ত পদ্ধতিতে তথ্য পেতে সহায়তা করবেন। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপযুক্ত অন্য কোন ব্যক্তির সহায়তা গ্রহণ করতে পারবেন;

৭.৭ তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ তঅআ ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে হচ্ছে কি না তা নির্ধারণে কর্তৃপক্ষকে সহায়তা প্রদান;

৭.৮ তথ্য অধিকার আইন, ২০০৯-এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশে সহায়তা করা;

৭.৯ তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসহ এ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ, আবেদনকারীর যোগাযোগের বিস্তারিত তথ্য সংরক্ষণ, তথ্য অবমুক্তকরণ সংক্রান্ত প্রতিবেদন সংকলিত করা, তথ্য মূল্য আদায়, হিসাব রক্ষণ ও সরকারি কোষাগারে জমাকরণ এবং কর্তৃপক্ষ বা তথ্য কমিশনের চাহিদার প্রেক্ষিতে এ সংক্রান্ত তথ্য সরবরাহ করা; ইত্যাদি।

**৮. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ**

৮.১ বদলী বা অন্য কোন কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপালনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় একজন করে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপালনকালীন আইন অনুসারে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

৮.২ নতুন প্রতিষ্ঠিত ইউনিটসমূহে প্রতিষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পাশাপাশি বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৮.৩ প্রতিটি ইউনিটের প্রশাসনিক প্রধান বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেবেন এবং নিয়োগকৃত প্রত্যেকের নাম, পদবী, ঠিকানা এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমেট) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন এবং মন্ত্রণালয়/বিভাগ এর আপিল কর্তৃপক্ষের কাছে তার অনুলিপি প্রেরণ করবে।

৮.৪ বদলী বা অন্য কোন কারণে পদটি শূন্য হলে, অবিলম্বে নতুন বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

## ৯. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি

ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতকালীন সময়ে ‘বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা’ ‘দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা’ হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে এ নির্দেশিকার ৭ নম্বর অনুচ্ছেদ-এ বর্ণিত ‘দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি’ তাঁর জন্য প্রযোজ্য হবে।

## ১০. তথ্যের জন্য আবেদন, তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা

১০.১ কোন ব্যক্তি তথ্য অধিকার আইন, ২০০৯-এর অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নির্ধারিত ফরম ‘ক’ এর মাধ্যমে তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন।

১০.২ নির্ধারিত ফরম সহজলভ্য না হলে অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা; অনুরোধকৃত তথ্যের নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা এবং কোন্ পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা উল্লেখ করে সাদা কাগজে বা ক্ষেত্রমত, ইলেক্ট্রনিক মিডিয়া বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাবে।

১০.৩ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্যের জন্য কোন অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

১০.৪ উল্লিখিত উপ-অনুচ্ছেদ (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সেই অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে।

১০.৫ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে অথবা ক্ষেত্রমত, ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইল এর মাধ্যমে আবেদন পত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করবেন এবং প্রাপ্তি স্বীকারপত্রে আবেদনের রেফারেন্স নম্বর, আবেদনপত্র গ্রহণকারীর নাম, পদমর্যাদা এবং আবেদন গ্রহণের তারিখ উল্লেখ করে স্বাক্ষর করবেন।

১০.৬ ইলেক্ট্রনিক বা ই-মেইল এর মাধ্যমে আবেদন গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের বরাবর আবেদন প্রেরণের তারিখই (প্রাপ্তি সাপেক্ষে) আবেদন গ্রহণের তারিখ হিসেবে গণ্য হবে।

১০.৭ আবেদন পাওয়ার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানের তারিখ এবং সময় উল্লেখপূর্বক আবেদনকারীকে সে সম্পর্কে অবহিত করবেন এবং অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেই ইউনিট বা কর্তৃপক্ষকে এ সম্পর্কে লিখিত নোটিশ প্রদান করবেন।

১০.৮ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে অনুরোধকৃত তথ্য প্রদানে অপারগ অথবা আংশিক তথ্য সরবরাহে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে উল্লিখিত ফরম-'খ' অনুযায়ী এতদ্বিষয়ে আবেদনকারীকে অবহিত করবেন।

১০.৯ উপ-অনুচ্ছেদ (৩), (৪) বা (৫) এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য হবে।

১০.১০ অনুরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হলে এবং যেক্ষেত্রে সেই তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হয়েছে কিংবা সেই তথ্যে তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রয়েছে এবং তৃতীয় পক্ষ তা গোপনীয় তথ্য হিসেবে গণ্য করেছে সে ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে তার লিখিত বা মৌখিক মতামত চেয়ে নোটিশ প্রদান করবেন এবং তৃতীয় পক্ষ এরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করলে তা বিবেচনায় নিয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১০.১১ কোন ইন্দ্রিয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা তার অংশবিশেষ জানানোর প্রয়োজন হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেই প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করবেন এবং পরিদর্শনের জন্য যে ধরনের সহযোগিতা প্রয়োজন তা প্রদান করাও এই সহায়তার অন্তর্ভূক্ত বলে গণ্য হবে।

১০.১২ আইনের অধীন প্রদত্ত তথ্যের প্রতি পৃষ্ঠায় ''তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীনে এই তথ্য সরবরাহ করা হয়েছে'' মর্মে প্রত্যয়ন করতে হবে এবং তাতে প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও দাপ্তরিক সীল থাকবে।

**১১. তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধ :**

১১.১ কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে উল্লিখিত ফরম-'ঘ' অনুসারে সেই তথ্যের মূল্য নির্ধারণ করবেন এবং অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে সেই অর্থ চালান কোড নং- **১-৩৩০১-০০০১-১৮০৭** এ জমা করে ট্রেজারী চালানের কপি তার কাছে জমা দেয়ার জন্য অনুরোধকারীকে লিখিতভাবে অবহিত করবেন; অথবা

১১.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারী কর্তৃক পরিশোধিত তথ্যের মূল্য রশিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং প্রাপ্ত অর্থ চালান কোড নং- **১-৩৩০১-০০০১-১৮০৭** এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেবেন।

## ১২. আপিল দায়ের ও নিষ্পত্তি

১২.১. আপীল কর্তৃপক্ষঃ

ক) দপ্তর/সংস্থার উপজেলা কর্মকর্তার কার্যালয় তথ্য প্রদানকারী ইউনিট হলে তার আপিল কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার জেলা কার্যালয়। একইভাবে জেলা কর্মকর্তার কার্যালয়ের আপিল কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ের আপিল কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বিভাগের প্রধান।

খ) কোন দপ্তর/সংস্থা নিজে তথ্য প্রদানকারী ইউনিট হলে তার আপিল কর্তৃপক্ষ হবেন দপ্তর/সংস্থার প্রধান।

গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ তথ্য প্রদান ইউনিট হলে তার আপিল কর্তৃপক্ষও হবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সচিব/ সিনিয়র সচিব।

১২.২. আপিল পদ্ধতিঃ

ক) কোন ব্যক্তি এই নীতিমালার নীতি ১০-এর (৩), (৪) বা (৫)-এ নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে কিংবা অতিরিক্ত মূল্য ধার্য বা গ্রহণ করলে উক্ত সময়সীমা অতিক্রান্ত হবার বা ক্ষেত্রমত, সিদ্ধান্ত লাভের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে নির্ধারিত ফরম-'গ' এর মাধ্যমে আপীল কর্তৃপক্ষের কাছে আপিল করতে পারবেন।

খ) আপিল কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আপিলকারী যুক্তিসংগত কারণে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপিল দায়ের করতে পারেননি, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও আপিল আবেদন গ্রহণ করতে পারবেন।

১২.৩ আপিল নিষ্পত্তিঃ

(১) আপিল কর্তৃপক্ষ কোন আপিলের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের পূর্বে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবেন, যথা :-

(ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তার শুনানী গ্রহণ ;

(খ) আপিল আবেদনে উল্লিখিত সংক্ষুব্ধতার কারণ ও প্রার্থিত প্রতিকারের যুক্তিসমূহ বিবেচনা ;

(গ) প্রার্থিত তথ্য প্রদানের সাথে একাধিক তথ্য প্রদানকারী ইউনিট যুক্ত থাকলে সংশ্লিষ্ট ইউনিটসমূহের শুনানী গ্রহণ।

(২) আপিল আবেদন প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষ-

(ক) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত পদক্ষেপসমূহ গ্রহণপূর্বক তথ্য সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দেবেন; অথবা

(খ) তাঁর বিবেচনায় গ্রহণযোগ্য না হলে আপীল আবেদনটি খারিজ করতে পারবেন।

(৩) আপিল কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যথাসম্ভব দ্রুততার সাথে প্রার্থিত তথ্য সরবরাহ করবেন তবে এই সময় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২৪(৪) এ নির্দেশিত সময়ের অধিক হবে না অথবা ক্ষেত্রমত তিনি তথ্য সরবরাহ থেকে বিরত থাকবেন।

## ১৩. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান :

১৩.১ তথ্য অধিকার আইন, ২০০৯ ও এ নির্দেশিকার সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যদি কোনো আবেদনকারীকে তথ্য বা এ সংক্রান্ত সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হন বা তথ্যপ্রাপ্তির কোনো অনুরোধ গ্রহণ করতে অস্বীকার করেন বা সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হন বা ভুল, অসম্পূর্ণ, বিভ্রান্তিকর, বিকৃত তথ্য প্রদান করে বা কোন তথ্য প্রাপ্তির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে বা তথ্য অধিকার পরিপন্থী কোন কাজ করেন তাহলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার এহেন কাজকে অসদাচরণ হিসেবে বিবেচনা করা হবে এবং সংশ্লিষ্ট চাকুরী বিধিবিধান অনুসারে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩.২ এই নির্দেশিকা যথাযথভাবে অনুসরণে গাফিলতির কারণে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ব্যত্যয় ঘটলে এবং এর কারণে কোন কর্মকর্তা তথ্য কমিশন কর্তৃক শাস্তি পেলে তা তার ব্যাক্তিগত দায় হিসেবে গণ্য হবে এবং কর্তৃপক্ষ তার কোন দায় বহন করবে না।

১৩.৩ তথ্য কমিশনের কাছ থেকে কোন কর্তকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ পেলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত ব্যবস্থার বিষয়ে তথ্য কমিশনকে অবহিত করবে।

## ১৪. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ জনগুরুত্বপূর্ণ বিষয়াদি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোনো পন্থায় প্রচার বা প্রকাশ করবে।

## ১৫. নির্দেশিকার সংশোধন

এই নির্দেশিকা সংশোধনের প্রয়োজন হলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ৩-৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে। কমিটি এ নির্দেশিকার অনুমোদনকারী কর্তৃপক্ষের কাছে সংশোধনের প্রস্তাব করবে। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনে সাপেক্ষে তা কার্যকর হবে।

## ১৬. নির্দেশিকার ব্যখ্যা

এই নির্দেশিকার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ তার ব্যখ্যা প্রদান করবে।

## পরিশিষ্ট-১ : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ

কর্মকর্তার নাম: জনাব মোঃ মিজবাহ্ উদ্দিন মোল্লা
পদবী: সিনিয়র সহকারী সচিব (বাজেট-১,২)
ফোন নম্বর: +৮৮-০২-৯৫৭৮০০৮
মোবাইল: +৮৮০১৬৭-৯১৭৯৩৯০
ই-মেইল: sas.budget1@rdcd.gov.bd

## পরিশিষ্ট-২ : বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ

কর্মকর্তার নাম: জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
পদবী: সিস্টেম এনালিস্ট
ফোন নম্বর: +৮৮-০২-৯৫৭৪০০৩
মোবাইল: +৮৮০১৭১১-২৬৯২৭০
ই-মেইল: monayem.chowdhury@gmail.com, system.analyst@rdcd.gov.bd

## পরিশিষ্ট-৩ : আপিল কর্তৃপক্ষের বিবরণ

কর্মকর্তার নাম: জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার
পদবী: সচিব
ফোন নম্বর: +৮৮-০২-৯৫১২২৩২
মোবাইল: +৮৮০১৫৫২৪১৭২৩৪
ই-মেইল: secretary@rdcd.gov.bd

## পরিশিষ্ট-৪ : স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

| ক্রম | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ | নোটিশ বোর্ড, তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৩ | সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, জবাবদিহিতা এবং তত্ত্বাবধানের মাধ্যম | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা ও কর্মচারীর ডিরেক্টরী | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৫ | কার্যসম্পাদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড। | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৬ | পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যে কোন ধরনের পরামর্শ/প্রতিনিধিত্ব, যাহা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গৃহীত এর বিবরণ। | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |

| ক্রম | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ৭ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন, দপ্তরসমূহের বাজেট/সকল পরিকল্পনার ধরন চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের উপর তৈরি রিপোর্ট। | নোটিশ বোর্ড, ওয়েবসাইট। |
| ৮ | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ-সুবিধাসংক্রান্ত বিবরণ, জনসাধারণের জন্য সংরক্ষিত লাইব্রেরি/পড়ার কক্ষের কার্য ঘণ্টা ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) | নোটিশ বোর্ড, ওয়েবসাইট ইত্যাদি |
| ৯ | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট |
| ১০ | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তালিকা | প্রত্যেক কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, ওয়েবসাইট/ গণমাধ্যম ইত্যাদি |
| ১১ | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে :<br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম<br>(খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে<br>(গ) অনুরোধের তারিখ | গৃহীত আবেদন পত্রের একটি কপি প্রত্যেক কর্তৃপক্ষের/তথ্য প্রদান ইউনিটের, ইন্টারনেটে, পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে। |
| ১২ | সরকার, কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত-<br>(ক) সকল উন্নয়ন/পূর্তকাজ/ প্রকল্প সংক্রান্ত চুক্তি<br>(খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, প্রাক্কলিত ব্যয়/চুক্তির মেয়াদকাল ইত্যাদি। | নোটিশ বোর্ড, ওয়েবসাইট ইত্যাদি |

**পরিশিষ্ট-৫ : চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা** (নীতিমালা প্রণয়নকারী কর্তৃপক্ষ নিজ প্রতিষ্ঠান অনুসারে তালিকাটি প্রণয়ন করবেন।)

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে-

স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য

- বিভিন্ন নীতি
- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট
- আর্থিক তথ্য, যেমন- আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী
- অডিট রিপোর্ট (জবাবসহ)
- প্রকল্পের ব্যাংক-সংক্রান্ত তথ্য
- ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)
- উপকারভোগীর তালিকা
- নিয়োগ/বদলির আদেশ
- দেশে বা বিদেশ ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৬) ব্যতীত অন্য সকল তথ্য।

**পরিশিষ্ট-৬ : প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা**

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হয়, এরূপ তথ্য।
- বিচারাধীন মামলার তথ্য যা ওই মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য।
- তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটাতে পারে।
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য।
- নিয়োগ ও পদোন্নতি পরীক্ষার ফলাফল সংক্রান্ত আগাম তথ্য, ইত্যাদি।

**পরিশিষ্ট-৭ : তথ্য প্রাপ্তির আবেদন ফরম (ফরম ‘ক’)**

**ফরম ‘ক’**

**তথ্য প্রাপ্তির আবেদনপত্র**

[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ দ্রষ্টব্য ]

বরাবর

.................................................................,

................................................................ (নাম ও পদবী)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,

........................................... (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম : ..................................................

পিতার নাম : ..................................................

মাতার নাম : ..................................................

বর্তমান ঠিকানা : ..............................................

স্থায়ী ঠিকানা : ................................................

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) : ..............................................

২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) :

...........................................................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ ফটোকপি/ :

...........................................................................

লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি)

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা :

...........................................................................

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা :

...........................................................................

আবেদনের তারিখ : ..................................................

আবেদনকারীর স্বাক্ষর

*তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

**পরিশিষ্ট-৮ : তথ্য সরবরাহে অপারগতার নোটিশ (ফরম ‘খ’)**

**ফরম ‘খ’**

[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৫ দ্রষ্টব্য ]

**তথ্য সরবরাহে অপারগতার নোটিশ**

আবেদন পত্রের সূত্র নম্বর : তারিখ : ........................................

প্রতি

আবেদনকারীর নাম: ...............................................................

ঠিকানা: ...............................................................

**বিষয় : তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।**

প্রিয় মহোদয়,

আপনার .......................................................তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা :-

১।.......................................................................................................................................
.......................................................................................................................................
........।

২।.......................................................................................................................................
.......................................................................................................................................
.......।

৩। ..........................................................................................................................।

(------------------------------)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী :

দাপ্তরিক সীল :

**পরিশিষ্ট-৯ : আপীল আবেদন ফরম (ফরম ‘গ’)**

**ফরম ‘গ’**

**আপীল আবেদন**

[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য ]

বরাবর

............................................................................,

............................................................................(নাম ও পদবী)

ও

আপীল কর্তৃপক্ষ,

.................................................(দপ্তরের নাম ও ঠিকানা)

১। আপীলকারীর নাম ও ঠিকানা : ..........................................................................

(যোগাযোগের সহজ মাধ্যমসহ)

২। আপীলের তারিখ : ..............................................................................

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার : .........................................................................

কপি (যদি থাকে)

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে : ............................................................................

তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে)

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ : ............................................................................

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) : .......................................................................

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি : ...........................................................................

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন : ...........................................................................

৮। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন:

..........................................................................

আবেদনের তারিখ : ......................................................... আবেদনকারীর স্বাক্ষর

**পরিশিষ্ট-১০ : তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি (ফরম ‘ঘ’)**

**ফরম ‘ঘ’**

**[ বিধি ৮ দ্রষ্টব্য ]**

**তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি**

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্ন টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা :-

**টেবিল**

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নক্শা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে;<br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য। |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে। |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য। |

**পরিশিষ্ট-১১ : তথ্য কমিশনে অভিযোগ দায়েরের নির্ধারণ ফরম (ফরম 'ক')**

**ফরম 'ক'**

**অভিযোগ দায়েরের ফরম**

[তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালার প্রবিধান-৩ (১) দ্রষ্টব্য]

বরাবর
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অভিযোগ নং ..............................................................................................................।

১। অভিযোগকারীর নাম ও ঠিকানা : .......................................................................
(যোগাযোগের সহজ মাধ্যমসহ)

২। অভিযোগ দাখিলের তারিখ : ...............................................................

৩। যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা : .......................................................................

৪। অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ : .......................................................................
(প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাইবে)

৫। সংক্ষুব্ধতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সেই ক্ষেত্রে উহার কপি সংযুক্ত করিতে হইবে) : .................................................................

৬। প্রার্থিত প্রতিকার ও উহার যৌক্তিকতা : .....................................................................

৭। অভিযোগ উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে) : .......................................................................

<u>সত্যপাঠ</u>

আমি/আমরা এই মর্মে হলফপূর্বক ঘোষণা করিতেছি যে, এই অভিযোগে বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)